# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৪১১

পর্ব-১০: আল্লাহ তা‘আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰى)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সকাল সন্ধ্যা ও শয্যা গ্রহণকালে যা বলবে

আরবী

وَعَنْ بُرَيْدَةَ قَالَ: شَكَا خَالِدُ بْنُ الْوَلِيدِ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا رَسُول الله مَا أَنَام من اللَّيْلَ مِنَ الْأَرَقِ فَقَالَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا أَوَيْتَ إِلَى فِرَاشِكَ فَقُلْ: اللَّهُمَّ رَبَّ السَّمَاوَاتِ السَّبْعِ وَمَا أَظَلَّتْ وَرَبَّ الْأَرَضِينَ وَمَا أَقَلَّتْ وَرَبَّ الشَّيَاطِينِ وَمَا أَضَلَّتْ كُنْ لِي جَارًا مِنْ شَرِّ خَلْقِكَ كُلِّهِمْ جَمِيعًا أَنْ يَفْرُطَ عَلَيَّ أَحَدٌ مِنْهُمْ أَوْ أَنْ يَبْغِيَ عَزَّ جَارُكَ وَجَلَّ ثَنَاؤُكَ وَلَا إِلَهَ غَيْرُكَ لَا إِلَهَ إِلَّا أَنْتَ . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ هَذَا حَدِيثٌ لَيْسَ إِسْنَادُهُ بِالْقَوِيِّ والحكَمُ بن ظُهيرٍ الرَّاوِي قد ترَكَ حديثَهُ بعضُ أهل الحَدِيث

বাংলা

২৪১১-[৩১] বুরায়দাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন খালিদ ইবনু ওয়ালীদ(রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে অভিযোগ করলেন, হে আল্লাহর রসূল! (স্বপ্নের কারণে) রাতে আমি ঘুমাতে পারি না। (এ কথা শুনে) আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি বিছানায় ঘুমাতে গেলে এ দু’আ পড়বে,

’’আল্ল-হুম্মা রব্বাস্ সামা-ওয়া-তিস্ সাব্’ই, ওয়ামা- আযল্লাত, ওয়া রব্বাল আরযীনা ওয়ামা- আকল্লাত, ওয়া রব্বাশ্ শায়া-ত্বীনি ওয়ামা- আযল্লাত, কুন্লী জা-রম্ মিন্ শাররি খলকিকা কুল্লিহিম জামী’আন আই ইয়াফ্রুত্বা ’আলাইয়্যা আহাদুম্ মিনহুম আও আই ইয়াবগিয়া ’আযযা জা-রুকা ওয়া জাল্লা সানা-উকা, ওয়ালা- ইলা-হা গইরুকা, লা- ইলা-হা ইল্লা- আন্তা’’

(অর্থাৎ- হে আল্লাহ! সাত আকাশের এবং এ সাত আকাশ যাকে ছায়া দিয়েছে তার রব! আর জমিনসমূহ ও তা যাকে ধারণ করেছে তার রব! সকল শয়তান ও তারা যাদেরকে পথভ্রষ্ট করেছে তাদের রব! তুমি আমাকে নিরাপত্তা দান কর, তোমার সকল সৃষ্টির অনিষ্ট হতে; তাদের কেউ যে আমার ওপর প্রভাব বিস্তার করুক অথবা আমার ওপর অবিচার করুক তুমি আমাকে নিরাপত্তা দান করো। বিজয়ী সে যাকে তুমি নিরাপত্তা দান করেছ। মহান প্রশংসা তোমার, তুমি ছাড়া প্রকৃতপক্ষে কোন মা’বূদ নেই, তুমি ছাড়া কোন ইলাহ নেই)। (তিরমিযী; তিনি বলেন, এ হাদীসের সানাদ দুর্বল। কোন কোন হাদীস বিশারদ এর রাবী হাকাম ইবনু যুহায়র-কে মাতরূক বা

পরিত্যাজ্য বলেছেন।)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ৩৫২৩, মু‘জামুল আওসাত লিত্ব ত্ববারানী ১৪৬, আল কালিমুত্ব ত্বইয়্যিব ৪৮, য‘ঈফাহ্ ২৪০৩, য‘ঈফ আল জামি‘ ৪০৮। কারণ এর সানাদে হাকাম ইবনু যুহায়র একজন মাতরূক রাবী। ইবন মা‘ঈন তাকে মিথ্যার অপবাদ দিয়েছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘আল্লামা নাবাবী (রহঃ) বলেনঃ এর সানাদ য‘ঈফ। মুনযিরী (রহঃ) বলেনঃ এ হাদীসের সানাদে দুর্বলতা রয়েছে। ত্ববারানী আল আওসাত গ্রন্থে খালিদ ইবনু ওয়ালীদ (রাঃ) হতে হাদীস বর্ণনা করেন- নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আমি তোমাকে কিছু বাক্য শিক্ষা দেবো কি, যা তুমি ঘুমানোর সময় বলবে, তাহলে বলো- (اَللّٰهُمَّ رَبَّ السَّمَاوَاتِ السَّبْعِ...) ‘আল্লামা মুনযিরী (রহঃ) বলেনঃ এটির সানাদ জাইয়্যিদ (‘আমলযোগ্য)।

‘আল্লামা আল হায়সামী (রহঃ) বলেনঃ এ হাদীসের রাবীগুলো বিশুদ্ধ, তবে ‘আবদুর রহমান ইবনুস্ সাবিত ছাড়া, কারণ তিনি খালিদ ইবনু ওয়ালীদ  থেকে হাদীসটি শুনেননি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56971

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন